



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/১৪৮৯


তারিখ : ০৬/০৭/২০১০ ইং।

প্রজ্ঞাপন

২৬/০৫/১০ ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪২ তম সভায় বিশ্ববিদ্যালয়ের সৃষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিভিন্ন পদের কোয়ালিফিকেশন টেষ্ট (নিয়োগ বিধি) এর সাধারণ নীতিমালা নিম্নরূপভাবে অনুমোদিত হয়।

নিয়োগের সাধারণ নিয়মাবলী :-

- ১। অভিজ্ঞতা বলিতে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/সেক্টর কর্পোরেশনের চাকুরীর অভিজ্ঞতাকে বুঝাইবে।
- ২। বিশেষায়িত পদ সমূহের জন্য যেমন-মেডিকেল অফিসার, ফিজিক্যাল ইন্সট্রাক্টর, পাবলিকেশন কাম ইনফরমেশন অফিসার প্রভৃতি পদে বাস্তব অভিজ্ঞতা বলিতে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/সেক্টর কর্পোরেশনের চাকুরী ছাড়াও বেসরকারী/এনজিও/কোম্পানী বা ব্যক্তিমালিকানাধীন যে কোন প্রতিষ্ঠানের চাকুরীর অভিজ্ঞতাকে বুঝাইবে।
- ৩। (ক) ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) বা ইহার সমতুল্য জিপিএ শিথিল করা যাইতে পারে। তবে এই সুযোগ একজন কর্মকর্তার চাকুরী জীবনে উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে একবার এবং আপগ্রেডেশনের ক্ষেত্রে আরও একবার ভোগ করিতে পারিবেন। কর্মচারীদের উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে একবার এবং পদোন্নতির ক্ষেত্রে আর একবার এই সুবিধা ভোগ করিতে পারিবেন।
(খ) ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের একাধিক স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিল করা যাইতে পারে, সেই ক্ষেত্রে সমস্ত চাকুরী জীবনে একবার পদোন্নতি/উচ্চতর পদে নিয়োগের সুযোগ গ্রহণ করিতে পারিবেন। যে সকল কর্মচারী ম্যাসন, কার্পেন্টার, প্লাম্বার, ইলেকট্রিশিয়ান, টেকনিশিয়ান, কম্পাউন্ডার, বাবুর্চি ইত্যাদি পদের কাজে পারদর্শী অথচ প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা নাই তাহারাও সমস্ত চাকুরী জীবনে ঐ সকল পদ খালি থাকা সাপেক্ষে পদোন্নতি/উচ্চতর পদে নিয়োগের সুযোগ একবার গ্রহণ করিতে পারিবেন।
- ৪। ১১ নং গ্রেড হইতে ২০ নং গ্রেড পর্যন্ত চাকুরীর বয়সসীমা আবেদন পত্র জমা দানের সর্বশেষ তারিখে সর্বোচ্চ ৩০ বছর এবং সর্বনিম্ন ১৮ বছর।
- ৫। ডুয়েটে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- ৮। শিক্ষাগত যোগ্যতায় বিভাগ/শ্রেণীর সমতুল্য জিপিএ সময় সময় সরকার/মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত নিয়মানুযায়ী হইবে।
- ৯। সম পদ বলিতে একই গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীর পদ সমূহ বুঝাইবে, তবে চাকুরীর দায়িত্ব, কর্তব্য ও প্রকৃতি সাধারণভাবে একই হইতে হইবে।
- ১০। আবেদনপত্র জমা দানের জন্য নির্ধারিত সর্বশেষ তারিখে বয়সসীমা অভিজ্ঞতা গণনার সময়সীমা হিসাবে বিবেচনায় আনিতে হইবে।
- ১১। ডুয়েটে কর্মরত ব্যতীত অন্যান্য প্রার্থীদের খন্ডকালীন চাকুরী, অতিরিক্ত দায়িত্ব, দৈনিক হাজিরার ভিত্তিতে চাকুরী কিংবা চুক্তি ভিত্তিক চাকুরীর অভিজ্ঞতা মূল অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হইবে না।


(মোঃ আলিম দাদ) ০৬/৭/১০

রেজিস্টার